Homenet SOUTH ASIA

WIEGO
Women in Informal Employment: Globalizing and Organizing

COMIC RELIEF



আমার ডিজিটাল ক্লাসরুম

Comic Relief দ্বারা সমর্থিত একটি হোমনেট দক্ষিণ এশিয়া উদ্যোগ

Instagram মার্কেটপ্লেস-এর মাধ্যমে মার্কেটিং



সূচিপত্র

1. Facebook - পরিচিতি

2. Instagram মার্কেটপ্লেস সম্পর্কে পরিচিতি
   A: সংজ্ঞা
   B. মূল বৈশিষ্ট্যসমূহ
   C. উপকারিতা
3. সফল Instagram মার্কেটপ্লেস-এর বিশদ নিরীক্ষা
4. Instagram-এ একটি প্রফেশনাল প্রোফাইল তৈরি করার ধাপসমূহ
5. আকর্ষক পোস্ট এবং স্টোরি তৈরি করা



সূচিপত্র

6. হ্যাশট্যাগের কার্যকর ব্যবহার

7. মার্কেটপ্লেস দৃশ্যমানতার জন্য প্রোফাইল অপ্টিমাইজ করা

8. কেন উপভোক্তারা অন্য প্রতিযোগীদের তুলনায় আপনার প্রোডাক্টকেই বেছে নেবেন

9. কীভাবে কার্যকর উপায়ে ইমেজ ক্যাপচার করবেন

10. যোগাযোগের জন্য মৌলিক টেমপ্লেট

11. Instagram-এ নেতিবাচক কমেন্টগুলি পরিচালনা করার কৌশল



Instagram কী

Instagram হল একটি বিনামূল্যে ফটো এবং ভিডিও শেয়ার করার অ্যাপ্লিকেশন, যা iPhone এবং Android-এ উপলব্ধ। লোকজন তাদের ফটো বা ভিডিও আপলোড করতে পারেন এবং তাদের ফলোয়ারদের সাথে বা বন্ধুদের একটি নির্বাচিত গ্রুপের সাথে শেয়ার করতে পারেন। এছাড়াও তারা Instagram-এ তাদের বন্ধুদের দ্বারা শেয়ার করা পোস্টগুলি দেখতে, কমেন্ট করতে এবং লাইক করতে পারেন।



Facebook অ্যাপ্লিকেশন ইনস্টল করা (Android)

ধাপ 1: Google Play store আইকনে ট্যাপ করুন





Facebook অ্যাপ্লিকেশন ইনস্টল করা (Android)

ধাপ 2: Google Play-তে গিয়ে, Apps-এ ট্যাপ করুন।





Facebook অ্যাপ্লিকেশন ইনস্টল করা (Android)

- ধাপ 3 : Play Store স্ক্রিনে গিয়ে, স্ক্রিনের নীচে বা উপরে অবস্থিত Search আইকনে (ম্যাগনিফাইং গ্লাস) ট্যাপ করুন





Facebook অ্যাপ্লিকেশন ইনস্টল করা (Android)

ধাপ 4: টেক্সট সার্চ করার জায়গাটিতে **Instagram** লিখুন এবং তারপর Install-এ ক্লিক করুন





কীভাবে সাইন ইন করব?

আপনার কোনও Gmail ID না থাকলে, প্রথমে সেটি তৈরি করে নিন

Gmail ID বা একটি google অ্যাকাউন্ট Google-এ গিয়ে তৈরি করতে হয়।

একটি GOOGLE অ্যাকাউন্টের সাহায্যে, আপনি নিম্নোক্ত কাজগুলি করতে পারেন:

- Gmail-এর মাধ্যমে ইমেল পাঠাতে ও প্রাপ্ত করতে পারেন
- Facebook এবং Instagram-এ অ্যাকাউন্ট খুলতে পারেন
- YouTube-এ আপনার পছন্দসই নতুন ভিডিও খুঁজতে পারেন
- Google Play থেকে অ্যাপ ডাউনলোড করতে পারেন এবং এছাড়াও আরও অনেক কিছু করা যেতে পারে।



Instagram মার্কেটপ্লেস সম্পর্কে পরিচিতি

Instagram মার্কেটপ্লেস বলতে একটি ভার্চুয়াল স্থান হিসাবে Instagram প্ল্যাটফর্মটির ব্যবহারকে বোঝায়, যেখানে ব্যবসায়িক প্রতিষ্ঠান ও স্বতন্ত্র ব্যবসায়ীরা সরাসরি গ্রাহকদের কাছে তাদের প্রোডাক্ট প্রদর্শন এবং বিক্রি করতে পারেন।

মূল বৈশিষ্ট্যসমূহ

ক্রয় সম্পর্কিত পোস্ট: ব্যবসায়িক প্রতিষ্ঠানগুলি তাদের পোস্টগুলিতে প্রোডাক্ট ট্যাগ করতে পারে, যার ফলে ইউজাররা প্রোডাক্ট ডিটেলস দেখতে এবং সরাসরি পোস্ট থেকেই সেগুলি কিনতে পারেন।

Instagram স্টোরি: ক্রয় সম্পর্কিত স্টিকারগুলিকে স্টোরিতে অ্যাড করা যেতে পারে, যার মাধ্যমে ইন্টারেক্টিভ উপায়ে প্রোডাক্ট প্রদর্শন করা যায়।

Instagram রিল: ব্যবসায়িক প্রতিষ্ঠানগুলি তাদের শর্ট-ফর্ম ভিডিও কনটেন্টে প্রোডাক্টগুলিকে ট্যাগ করতে পারে, যা ইউজারদের পক্ষে রিল থেকে সরাসরি কেনাকাটা করা সহজ করে তোলে।

Instagram মার্কেটপ্লেস সম্পর্কে পরিচিতি

সুবিধাসমূহ

- **বিশ্বব্যাপী নাগাল:** Instagram-এর বিশাল ইউজার বেস ব্যবসায়িক প্রতিষ্ঠানগুলিকে বিশ্বব্যাপী দর্শকদের কাছে পৌঁছানোর সুযোগ গড়ে তোলে। এক বিলিয়নেরও বেশি সক্রিয় ইউজারের কারণে, Instagram ব্র্যান্ডগুলির ক্ষেত্রে মার্কেটে নিজেদের নাগাল প্রসারিত করার জন্য একটি প্রধান প্ল্যাটফর্ম।

- **ভিজ্যুয়াল এনগেজমেন্ট:** ভিজ্যুয়াল কন্টেন্টের উপর Instagram এর ফোকাস ব্যবসায়িক প্রতিষ্ঠানগুলিকে তাদের প্রোডাক্টগুলিকে আরও আকর্ষক এবং আকর্ষণীয় উপায়ে প্রদর্শন করার সুযোগ করে দেয়। উচ্চ-মানের ইমেজ এবং ভিডিওগুলি উল্লেখযোগ্যভাবে প্রোডাক্টের দৃশ্যমানতা এবং আবেদন বাড়াতে পারে।

- **ইন্টিগ্রেটেড শপিংয়ের অভিজ্ঞতা:** ই-কমার্স প্ল্যাটফর্মগুলির (যেমন Shopify) সাথে Instagram-এর নিরবচ্ছিন্ন একীকরণ ইউজারদের অ্যাপ ছাড়াই প্রোডাক্ট ব্রাউজ করা ও ক্রয় করার সুযোগ করে দেয়। এই একীকরণ ক্রয় প্রক্রিয়াকে সহজ করে তোলে এবং বিক্রিকে সম্ভাব্যভাবে বাড়িয়ে দেয়।

Instagram মার্কেটপ্লেস সম্পর্কে পরিচিতি

সুবিধাসমূহ

- **অডিয়েন্সকে টার্গেট করা:** Instagram-এর উন্নত অ্যালগরিদম এবং বিজ্ঞাপন টুলগুলি ব্যবসায়িক প্রতিষ্ঠানগুলিকে নির্দিষ্ট জনসংখ্যা টার্গেট করার সুযোগ করে দেয়, যার মাধ্যমে নিশ্চিত করা সম্ভব হয় যে তাদের প্রোডাক্টগুলি যেন সর্বাধিক প্রাসঙ্গিক অডিয়েন্সরা দেখতে পান।

- **ব্র্যান্ডের প্রতি আনুগত্য গড়ে তোলা:** Instagram-এর কমিউনিটি-ভিত্তিক প্ল্যাটফর্ম ব্যবসায়িক প্রতিষ্ঠানগুলিকে তাদের অডিয়েন্সদের সাথে যুক্ত হওয়ার, সুদৃঢ় সম্পর্ক তৈরি করার এবং ব্র্যান্ডের আনুগত্যকে উউৎসাহিত করার সুযোগ দেয়।

- **ব্র্যান্ড সম্পর্কে সচেতনতা উন্নতিকরণ:** ধারাবাহিকভাবে পোস্ট করা এবং ফলোয়ারদের সাথে জড়িত হওয়ার মাধ্যমে, ব্যবসায়িক প্রতিষ্ঠানগুলি বিশ্বব্যাপী তাদের ব্র্যান্ড সম্পর্কে সচেতনতা বাড়িয়ে তুলতে পারে।



Instagram মার্কেটপ্লেস সম্পর্কে পরিচিতি

সুবিধাসমূহ

- **গ্রাহকদের সাথে প্রত্যক্ষ সংযোগ:** Instagram ব্যবসায়িক প্রতিষ্ঠানগুলিকে সরাসরি গ্রাহকদের সাথে কমেন্ট, সরাসরি ম্যাসেজ ও লাইভ সেশনের মাধ্যমে সংযোগ করার সুযোগ করে দেয়, যা ব্যক্তিগতকৃত গ্রাহক পরিষেবা অফার করার এবং সুদৃঢ় সম্পর্ক গড়ে তোলার সুযোগ প্রদান করে।
- **বিশ্লেষণ এবংইনসাইটস:** Instagram বিজনেস অ্যাকাউন্টগুলিকে তাদের পোস্ট, স্টোরি এবং অডিয়েন্সদের ব্যাপারে বিশদ ইনসাইটস প্রদান করে। এই জাতীয় ডেটার মাধ্যমে ব্যবসায়িক প্রতিষ্ঠানগুলি বুঝতে পারে যে কোন কনটেন্টটি সবচেয়ে ফলদায়ক এবং এইভাবে তারা তাদের মার্কেটিং স্ট্র্যাটেজিগুলিকে পরিমার্জিত করার সুযোগ পায়।
- **সাশ্রয়সুলভ বিজ্ঞাপন:** বিজ্ঞাপনগুলি যাতে বড় মাপের নির্দিষ্ট লক্ষ্যযুক্ত অডিয়েন্সের কাছে পৌঁছাতে পারে, সে জন্য Instagram একটি সাশ্রয়সুলব উপায় অফার করে। স্টোরি অ্যাডস, ক্যারাউজেল অ্যাডস এবং ক্রয় সম্পর্কিত অ্যাডের মতো বিকল্পগুলি সহযোগে, ব্যবসায়িক প্রতিষ্ঠানগুলি তাদের বাজেট এবং উদ্দেশ্যগুলির পক্ষে উপযুক্ত ক্যাম্পেইন তৈরি করতে পারে।

Instagram মার্কেটপ্লেস সম্পর্কে পরিচিতি

সুবিধাসমূহ

- **স্থানীয় নাগাল:** Facebook মার্কেটপ্লেস আপনাকে আপনার এলাকার ক্রেতাদের সাথে সংযুক্ত করে, যা এটিকে ছোট ব্যবসায়িক প্রতিষ্ঠান এবং স্থানীয় বিক্রেতাদের জন্য আদর্শ করে তোলে।
- **ব্যবহারের সহজতা:** Facebook আপনাকে আপনার এলাকার ক্রেতাদের সাথে সংযুক্ত করে, যা এটিকে ছোট ব্যবসায়িক প্রতিষ্ঠান এবং স্থানীয় বিক্রেতাদের জন্য আদর্শ করে তোলে।
- **সাশ্রয়সুলব:** Facebook মার্কেটপ্লেস-এ প্রোডাক্টের লিস্টিং বিনামূল্যে করা সম্ভব, যা অগ্রিম কোনও খরচ ছাড়াই নতুন গ্রাহকদের কাছে পৌঁছানোর একটি সাশ্রয়ী উপায় প্রদান করে।
- **আস্থা এবং নিরাপত্তা:** Messenger-এর সাথে Facebook-এর একীকরণ ক্রেতা এবং বিক্রেতাদের মধ্যে নিরাপদ যোগাযোগের সুযোগ গড়ে তোলে, যা বিশ্বাস এবং স্বচ্ছতা বৃদ্ধি করে



চলুন, Instagram ব্যবহার করে সাফল্যলাভ করেছেন এমন গ্রাহকদের কিছু অনুপ্রেরণামূলক গল্প শোনা যাক

1. A Little Extra (জুয়েলারি ব্র্যান্ড)

➤ A Little Extra হল একটি ভারতীয় জুয়েলারি ব্র্যান্ড যা সব অনুষ্ঠানের জন্য বিভিন্ন ধরনের গয়না তৈরি করে। সব বয়সের মহিলাদের গয়নাই এখানে উপলব্ধ।





1. A Little Extra (জুয়েলারি ব্র্যান্ড)

Instagram ব্যবহারের কৌশল:

- **গ্রাহকদের সাথে প্রত্যক্ষ সংযোগ:** এই ব্র্যান্ডটির Instagram কন্টেন্টে রয়েছে প্রোডাক্টের প্রচার, মজাদার সব মেমস এবং প্রতিষ্ঠাতার বার্তা। তারা নতুন কালেকশন, লিমিটেড এডিশন এবং বিহাইন্ড-দ্য-সিনস কনটেন্ট দেখাতে In-stagram স্টোরি এবং রিল ব্যবহার করে।
- **ইউজার-জেনারেটেড কনন্ট (UGC):** এই ব্র্যান্ডটি গ্রাহকদেরকে তাদের মার্চেন্ডাইজ পরিহিত ফটো শেয়ার করতে উৎসাহিত করে এবং এইসব ফটোগুলি প্রায়ই তাদের অফিসিয়াল Instagram পেজে রিপোস্ট করে। এই UGC কৌশলটি কমিউনিটি গড়ে তোলার পাশাপাশি খাঁটি মার্কেটিং হিসাবেও কাজ করে, যা থেকে গ্রাহকরা যে তাদের প্রোডাক্ট ব্যবহার করে সন্তুষ্ট, তা প্রকাশ পায়।
- **ইনফ্লুয়েন্সারদের সাথে কোলাবোরেট করা:** তারা ইনফ্লুয়েন্সারদের সাথে কোলাবোরেট করে, যারা তাদের ব্র্যান্ডের নীতির সাথে সারিবদ্ধ। এই কোলাবোরেশনগুলি তাদের পরিসর আরও বাড়াতে এবং সেইসব নতুন অডিয়েন্সদের সাথে সংযোগ করতে সাহায্য করে, যারা অন্যথায় ব্র্যান্ডটি তখনও খুঁজে পাননি।



2. Okhai: আধুনিক নান্দনিকতায় ঐতিহ্যের বুনন

Okhai হল একটি সমসাময়িক ফ্যাশন ব্র্যান্ড যা আধুনিক ডিজাইনের সাথে ঐতিহ্যবাহী ভারতীয় টেক্সটাইলকে মিশ্রিত করে। এটি খাঁটি হ্যান্ডমেড প্রোডাক্টের জন্য পরিচিত, যা তার হাতে বোনা শাড়ি, পোশাক, কুর্দের সেট, ব্লাউজ এবং অন্যান্য পোশাকের জন্য ভারতীয় ফ্যাশন ইন্ডাস্ট্রিতে সুপরিচিত নাম।





2. Okhai: আধুনিক নান্দনিকতায় ঐতিহ্যের বুনন

Instagram ব্যবহারের কৌশল:

- **ভিজ্যুয়াল মাধ্যমে গল্প বলা:** Okhai তাদের প্রোডাক্ট বানানোর পিছনে গল্প বলার জন্য Instagram ব্যবহার করে এবং প্রায়ই তাদের হাতে বোনা শাড়ি তৈরি করা কারিগরদের কথা তুলে করে।
  গল্প বলার উপর এই গুরুত্ব আরোপ শুধুমাত্র একটি ব্যক্তিগত স্পর্শ যোগ করার পাশাপাশি তাদের শ্রোতাদের ভারতীয় টেক্সটাইলের সমৃদ্ধ সাংস্কৃতিক ঐতিহ্য সম্পর্কে শিক্ষিত করতে সাহায্য করে।

- **ক্রয় সম্পর্কিত পোস্ট:** Okhai Instagram এর কেনাকাটার ফিচারগুলিকে কার্যকরী উপায়ে ব্যবহার করে, যা ইউজারদের পক্ষে তাদের Instagram ফিড থেকে সরাসরি প্রোডাক্টগুলি অন্বেষণ এবং কেনাকাটা করা সহজ করে তোলে।
  প্রতিটি পোস্ট যত্ন সহকারে উচ্চ মানের ইমেজ দিয়ে তৈরি করা হয়, যা তাদের প্রোডাক্টের খুঁটিনাটি বিবরণ প্রদর্শন করে।
- **Instagram স্টোরি:** Okhai প্রায়শই এমন সব স্টোরি দেয়, যেখানে তারা নতুন কালেকশন প্রদর্শন করে, স্টাইলিং টিপস শেয়ার করে এবং রিয়েল টাইমে তাদের অনুগামীদের সাথে সংশ্লিষ্ট হয়।
- **ইনফ্লুয়েন্সারদের সাথে কোলাবোরেশন:** Okhai ফ্যাশন ইনফ্লুয়েন্সার এবং ইন্ডাস্ট্রি এক্সপার্টদের সাথে কোলাবোরেট করে যারা তাদের ব্র্যান্ড ভ্যালুর সাথে অনুরণিত হন।

3. Dhingli Matching

Dhingli Matching হল গুজরাটের ভুজে অবস্থিত একটি ছোট দোকান, যেখানে কুচি হ্যান্ডওয়ার্কের পোশাক যেমন দোপাট্টা, কুর্তা, জামাকাপড়, ক্লাচ এবং আরও অনেক কিছু বিক্রি করা হয়।

প্রোডাক্ট সংক্রান্ত পোস্ট: তারা দোপাট্টা বা লেহেঙ্গা চোলি প্রতিটি প্রোডাক্টই ভিডিও তৈরি করে পোস্ট করে।
একজন ব্যক্তি প্রোডাক্টটি খুলে আপনাকে দেখান যে প্রোডাক্টটি কেমন দেখাচ্ছে। তাদের কনটেন্ট সহজ-সরল এবং সহজেই বোঝা যায়, কারণ তারা বেশিরভাগ রিলেই নির্দিষ্ট প্রোডাক্টের দাম উল্লেখ করে দেয়।
তাই কেউ কেনাকাটা করতে চাইলে, বাজেট ঠিক করে তাদের কাছ থেকে কেনাকাটা করতে পারেন।



Instagram-এ একটি প্রফেশনাল প্রোফাইল তৈরি করার ধাপসমূহ

আপনার ইমেইল আইডি ও পাসওয়ার্ড দিয়ে লগ ইন করুন।
Facebook-এর ইমেইল আইডি ব্যবহার করা যাবে।
লগ ইন করার পর, স্ক্রিনের নীচে ডানদিকে অবস্থিত প্রোফাইল আইকনে ট্যাপ করুন।
এটি আপনাকে আপনার পার্সোনাল প্রোফাইল পেজে নিয়ে যাবে।





Instagram-এ একটি প্রফেশনাল প্রোফাইল তৈরি করার ধাপসমূহ

1. প্রোফাইল এডিট করা

- **ধাপ 1:** আপনার প্রোফাইল পেজে গিয়ে, আপনার বায়ো এবং প্রোফাইল ছবির ঠিক নীচে অবস্থিত “Edit Profile” (প্রোফাইল এডিট করুন) বাটনটিতে ট্যাপ করুন।





Instagram-এ একটি প্রফেশনাল প্রোফাইল তৈরি করার ধাপসমূহ

1. প্রোফাইল এডিট করা

- **ধাপ 1:** আপনার প্রোফাইল পেজে গিয়ে, আপনার বায়ো এবং প্রোফাইল ছবির ঠিক নীচে অবস্থিত “Edit Profile” (প্রোফাইল এডিট করুন) বাটনটিতে ট্যাপ করুন।





Instagram-এ একটি প্রফেশনাল প্রোফাইল তৈরি করার ধাপসমূহ

1. প্রোফাইল এডিট করা

ধাপ 2: Edit Profile (প্রোফাইল এডিট করুন) পেজে, আপনি বিভিন্ন ফিল্ড দেখতে পাবেন, যেখানে আপনি আপনার তথ্য ইনপুট বা আপডেট করতে পারেন





Instagram-এ একটি প্রফেশনাল প্রোফাইল তৈরি করার ধাপসমূহ

3. একটি বিজনেস অ্যাকাউন্টে স্যুইচ করা

ধাপ 1: Edit Profile (প্রোফাইল এডিট করুন) পেজে গিয়ে, নীচে স্ক্রোল করুন এবং “Switch to Professional Account” (প্রফেশনাল অ্যাকাউন্টে স্যুইচ করুন) অপশনটি সন্ধান করুন।





Instagram-এ একটি প্রফেশনাল প্রোফাইল তৈরি করার ধাপসমূহ

3. একটি বিজনেস অ্যাকাউন্টে স্যুইচ করা

ধাপ 2: এই অপশনটিতে ট্যাপ করুন। এবং আপনার জন্য সবচেয়ে উপযুক্ত পেশা নির্বাচন করুন।

Done এবং তারপর Next -এ ক্লিক করুন এবং অন্যান্য 3টি ধাপ পরপর সম্পাদন করুন





Instagram-এ একটি প্রফেশনাল প্রোফাইল তৈরি করার ধাপসমূহ

3. একটি বিজনেস অ্যাকাউন্টে স্যুইচ করা







Instagram-এ একটি প্রফেশনাল প্রোফাইল তৈরি করার ধাপসমূহ

4. প্রোফাইলের তথ্য পূরণ করা

ধাপ 1: শুরুতেই আপনার ব্র্যান্ডের প্রতিনিধিত্ব করে এমন একটি প্রোফাইল পিকচার, যেমন আপনার লোগো বা প্রোডাক্টের ইমেজ অ্যাড করুন।

আপনার প্রোফাইল ছবিটিই ভিজ্যুয়াল এলিমেন্ট হিসাবে লোকজন সবার প্রথমে দেখতে পাবেন।
এটি যেন সহজেই চেনা যায় এবং আপনার ব্র্যান্ডের পরিচয়ের সাথে সারিবদ্ধ হওয়া উচিত।





Instagram-এ একটি প্রফেশনাল প্রোফাইল তৈরি করার ধাপসমূহ

4. প্রোফাইলের তথ্য পূরণ করা

ধাপ 2: তারপর, একটি ইউজারনেম তৈরি করুন।
এরপরে একটি সংক্ষিপ্ত এবং তথ্যপূর্ণ বায়ো লিখুন, যাতে আপনার বিজনেসটি কী নিয়ে, তা স্পষ্টভাবে উল্লেখ করা থাকে। প্রাসঙ্গিক কীওয়ার্ড এবং একটি কল টু অ্যাকশন অন্তর্ভুক্ত করুন।

আপনার বায়ো হল আপনার বিজনেসের একটি সংক্ষিপ্ত সারাংশ। এখানে আপনি দর্শকদের জানাতে পারেন আপনি কে, আপনি কী অফার করেন এবং আপনি চান তারা কোন পদক্ষেপ গ্রহণ করুক (যেমন, আপনার ওয়েবসাইট দেখা, আপনার সাথে যোগাযোগ করা ইত্যাদি)।



Instagram-এ একটি প্রফেশনাল প্রোফাইল তৈরি করার ধাপসমূহ

4. প্রোফাইলের তথ্য পূরণ করা

Sধাপ 3: Links-এ ক্লিক করুন এবং আপনার কাছে থাকা যে কোনও লিঙ্ক অ্যাড করুন।
আপনি চাইলে Facebook পেজের লিঙ্কও অ্যাড করতে পারেন





Instagram-এ একটি প্রফেশনাল প্রোফাইল তৈরি করার ধাপসমূহ

4. প্রোফাইলের তথ্য পূরণ করা

ধাপ 3: Links-এ ক্লিক করুন এবং আপনার কাছে থাকা যে কোনও লিঙ্ক অ্যাড করুন।
আপনি চাইলে Facebook পেজের লিঙ্কও অ্যাড করতে পারেন





Instagram-এ একটি প্রফেশনাল প্রোফাইল তৈরি করার ধাপসমূহ

4. প্রোফাইলের তথ্য পূরণ করা

ধাপ 4: প্রযোজ্য হলে ইমেল, ফোন নম্বর এবং প্রকৃত ঠিকানার ফিল্ডগুলি পূরণ করে আপনার যোগাযোগের তথ্য যোগ করুন।

এই বিভাগটি গ্রাহকদের পক্ষে Instagram এর মাধ্যমে সরাসরি আপনার কাছে পৌঁছানো সহজ করে তোলে, যা বিশ্বাস তৈরি করতে এবং আরও সরাসরি সম্পৃক্ততাকে উৎসাহিত করতে সাহায্য করতে পারে



আকর্ষক পোস্ট এবং স্টোরি তৈরি করা

1. একটি নতুন পোস্ট তৈরি করতে "+" আইকনে ট্যাপ করুন

ধাপ 1: Instagram অ্যাপ খুলুন এবং আপনার হোম স্ক্রিনে যান।

ধাপ 2: স্ক্রিনের নীচে মাঝামাঝি জায়গায় অবস্থিত "+" আইকনে ট্যাপ করুন। আপনি একটি পোস্ট, স্টোরি, রিল বা আরও অনেক কিছু তৈরি করতে পারেন।





আকর্ষক পোস্ট এবং স্টোরি তৈরি করা

ধাপ 2: স্ক্রিনের নীচে মাঝামাঝি জায়গায় অবস্থিত "+" আইকনে ট্যাপ করুন। আপনি একটি পোস্ট, স্টোরি, রিল বা আরও অনেক কিছু তৈরি করতে পারেন।



আকর্ষক পোস্ট এবং স্টোরি তৈরি করা

2. ফটো/ভিডিও সিলেক্ট করুন, ফিল্টার অ্যাড করুন এবং একটি আকর্ষণীয় ক্যাপশন লিখুন

ধাপ 1: আপনি যে ফটো বা ভিডিও পোস্ট করতে চান তা আপনার গ্যালারি থেকে সিলেক্ট করুন। আপনি সরাসরি অ্যাপের মধ্যে থেকেও একটি নতুন ফটো বা ভিডিও তুলতে পারেন।







আকর্ষক পোস্ট এবং স্টোরি তৈরি করা

2. ফটো/ভিডিও সিলেক্ট করুন, ফিল্টার অ্যাড করুন এবং একটি আকর্ষণীয় ক্যাপশন লিখুন

ধাপ 2: আপনার কনটেন্টের ভিজ্যুয়াল আবেদন বাড়াতে ফিল্টার অ্যাপ্লাই করুন।
Instagram ব্রাইটনেস, কনট্রাস্ট এবং আরও অনেক কিছু অ্যাডজাস্ট করতে ফিল্টার এবং এডিটিং টুলগুলির একটি পরিসর অফার করে।



আকর্ষক পোস্ট এবং স্টোরি তৈরি করা

2. ফটো/ভিডিও সিলেক্ট করুন, ফিল্টার অ্যাড করুন এবং একটি আকর্ষণীয় ক্যাপশন লিখুন

ধাপ 3: একটি আকর্ষণীয় ক্যাপশন লিখুন যা আপনার ভিজ্যুয়াল কনটেন্টের পরিপূরক।
ক্যাপশনে কল টু অ্যাকশন, গল্প বলা বা এনগেজমেন্টকে উৎসাহিত করার জন্য প্রশ্ন অন্তর্ভুক্ত থাকতে পারে।

এটি আপনার ব্র্যান্ড ভয়েস এবং বার্তার সাথে সারিবদ্ধ রাখার বিষয়টি নিশ্চিত করুন।





আকর্ষক পোস্ট এবং স্টোরি তৈরি করা

3. বিহাইন্ড-দ্য-সিনস কনটেন্ট দেখাতে Instagram স্টোরিগুলি ব্যবহার করুন

ধাপ 1: স্টোরিজ ক্যামেরা ওপেন করতে উপরের বাম দিকে আপনার প্রোফাইল পিকচারে প্লাস সাইনটিতে ট্যাপ করুন।





আকর্ষক পোস্ট এবং স্টোরি তৈরি করা

3. বিহাইন্ড-দ্য-সিনস কনটেন্ট দেখাতে Instagram স্টোরিগুলি ব্যবহার করুন

ধাপ 2: একটি ফটো বা ভিডিও ক্যাপচার করুন, অথবা আপনার গ্যালারি থেকে সিলেক্ট করুন। প্রসঙ্গ যোগ করতে এবং আপনার স্টোরিকে আরও আকর্ষক করতে স্টিকার, টেক্সট এবং GIF-এর মতো Instagram-এর ক্রিয়েটিভ টুলগুলি ব্যবহার করুন।







আকর্ষক পোস্ট এবং স্টোরি তৈরি করা

ধাপ 3: আপনার অডিয়েন্সদের সাথে আরও ব্যক্তিগত স্তরে সংযোগ করতে বিহাইন্ড-দ্য-সিনস কনটেন্ট, প্রোডাক্ট টিজার বা দৈনিক আপডেট পোস্ট করুন।

স্টোরিগুলি 24 ঘন্টা পরে অদৃশ্য হয়ে যায়, যা তাদের সময়োপযোগী কনটন্টের জন্য আদর্শ করে তোলে।



হ্যাশট্যাগের কার্যকর ব্যবহার

ধাপ:

1. ট্রেন্ডিং এবং প্রাসঙ্গিক হ্যাশট্যাগ খুঁজে বের করুন

ধাপ 1: আপনার ইন্ডাস্ট্রির সাথে সম্পর্কিত ট্রেন্ডিং হ্যাশট্যাগগুলি খুঁজে পেতে Instagram এর সার্চ ফিচারটি ব্যবহার করুন। আপনি যে প্রোডাক্টটি বিক্রি করছেন, সেই প্রোডাক্টটির প্রতিযোগীরা বা ইনফ্লুয়েন্সাররা কী ব্যবহার করছেন তা দেখুন।

সম্পর্কিত বা জনপ্রিয় হ্যাশট্যাগগুলি খুঁজে পেতে একটি হ্যাশট্যাগ টাইপ করার সময় Instagram এর নিজস্ব সাজেশনগুলি বিবেচনা করুন।



হ্যাশট্যাগের কার্যকর ব্যবহার

2. পোস্টে জনপ্রিয় এবং উপযুক্ত হ্যাশট্যাগের মিশ্রণ অ্যাড করুন

ধাপ 1: আরও নির্দিষ্ট অডিয়েন্সদের টার্গেট করতে, পরিসর বাড়ানো ও উপযোগী হ্যাশট্যাগগুলির (যেমন #হ্যান্ডমেডজুয়েলারি) মাত্রা বৃদ্ধি করার জন্য জনপ্রিয়, ট্রেন্ডিং হ্যাশট্যাগগুলির একটি মিশ্রণ (#ফ্যাশন) তৈরি করুন।



হ্যাশট্যাগের কার্যকর ব্যবহার

2. পোস্টে জনপ্রিয় এবং উপযুক্ত হ্যাশট্যাগের মিশ্রণ অ্যাড করুন

ধাপ 2: Instagram প্রতি পোস্টে 30টি হ্যাশট্যাগ করার সুযোগ দেয়, তবে সাধারণত 5 থেকে 10টি প্রাসঙ্গিক হ্যাশট্যাগ ব্যবহার করার পরামর্শ দেওয়া হয়।



মার্কেটপ্লেস দৃশ্যমানতার জন্য প্রোফাইল অপ্টিমাইজ করা

1. আপনার বায়োতে কীওয়ার্ড ব্যবহার করুন

ধাপ 1: আপনার প্রোফাইল এডিট করে একটি বায়ো লিখুন যাতে আপনার বিজনেস বা ইন্ডাস্ট্রি সম্পর্কিত প্রাসঙ্গিক কীওয়ার্ড অন্তর্ভুক্ত থাকে।

এটি Instagram এর অ্যালগরিদমকে আপনার উপযোগিতা বুঝতে এবং অনুরূপ কনটেন্টে আগ্রহী ইউজারদের কাছে আপনার প্রোফাইলের সুপারিশ করতে সহায়তা করে।

যেমন: ফ্যাশন ব্র্যান্ড, হ্যান্ড মেড জুয়েলারি, ওয়েডিং প্ল্যানার।





মার্কেটপ্লেস দৃশ্যমানতার জন্য প্রোফাইল অপ্টিমাইজ করা

ধাপ 2: আপনার বায়োতে একটি স্পষ্ট কল-টু-অ্যাকশন অন্তর্ভুক্ত করুন, যেমন "এখনই কেনাকাটা করুন", "আমাদের কালেকশনটি অন্বেষণ করুন" বা "আমাদের সাথে যোগাযোগ করুন।"



মার্কেটপ্লেস দৃশ্যমানতার জন্য প্রোফাইল অপ্টিমাইজ করা

2. আপনার মার্কেটপ্লেস বা শপের একটি লিঙ্ক অন্তর্ভুক্ত করুন

ধাপ 1: আপনার প্রোফাইল সেটিংসে, আপনার মার্কেটপ্লেস, ওয়েবসাইট বা নির্দিষ্ট প্রোডাক্ট পেজে একটি ক্লিকযোগ্য লিঙ্ক অ্যাড করুন।
Instagram থেকে আপনার সেলস প্ল্যাটফর্মে ট্রাফিক চালনা করার এটি আপনার প্রাথমিক পদ্ধতি।



মার্কেটপ্লেস দৃশ্যমানতার জন্য প্রোফাইল অপ্টিমাইজ করা

2. আপনার মার্কেটপ্লেস বা শপের একটি লিঙ্ক অন্তর্ভুক্ত করুন

ধাপ 2: আপনার বায়োতে শেয়ার করা লিঙ্কের ক্লিক এবং পারফরম্যান্স ট্র্যাক করতে Bitly-এর মতো লিঙ্ক-সংক্ষিপ্তকরণ টুলগুলি ব্যবহার করার কথা বিবেচনা করুন।

https://bitly.com/



কেন উপভোক্তারা অন্য প্রতিযোগীদের তুলনায় আপনার প্রোডাক্টকেই বেছে নেবেন

1. গুণমান এবং কারুকাজ সম্পর্কে কথা বলুন:

বিশদে মনোযোগ দিন- আপনার প্রোডাক্ট তৈরিতে যে যত্ন এবং নির্ভুলতার প্রয়োজন হয়েছে, তার উপর জোর দিন

উচ্চ-মানের সামগ্রী- সেইসব প্রিমিয়াম উপকরণগুলির ব্যবহারে গুরুত্ব আরোপ করুন যেগুলি স্থায়িত্ব এবং দীর্ঘকাল ধরে টিকে থাকা নিশ্চিত করে।

হাতে তৈরি বা পার্সোনালাইজ করা- যদি আপনার প্রোডাক্টগুলি হাতে তৈরি বা পার্সোনালাইজ করা হয়, তবে অনন্য স্পর্শ এবং খুঁটিনাটিতে মনোযোগ দেওয়ার উপর জোর দিন যা এগুলিকে আলাদা করে।



কেন উপভোক্তারা অন্য প্রতিযোগীদের তুলনায় আপনার প্রোডাক্টকেই বেছে নেবেন

2. অনন্য বিক্রয় প্রস্তাব (USP):

কোন বিষয়টি আপনার প্রোডাক্টগুলিকে প্রতিযোগীদের থেকে আলাদা এবং আরও ভাল করে তোলে, তা চিহ্নিত ও সংজ্ঞায়িত করুন এবং ব্যাখ্যা করুন যে কীভাবে আপনার প্রোডাক্টের অনন্যতা বা বিশেষ বৈশিষ্ট্য বা গুণাবলী গ্রাহকদের উপকার করতে পারে এবং তাদের সমস্যার সমাধান করতে পারে।



কেন উপভোক্তারা অন্য প্রতিযোগীদের তুলনায় আপনার প্রোডাক্টকেই বেছে নেবেন

3. গ্রাহক সন্তুষ্টি:

গ্রাহকদের কাছ থেকে প্রশংসাসূচক মন্তব্যের অনুরোধ করুন। বিশ্বাস এবং বিশ্বাসযোগ্যতা তৈরি করতে সন্তুষ্ট গ্রাহকদের অনুরোধ করুন তারা যেন আপনার পেজে ইতিবাচক ফিডব্যাক শেয়ার করেন।

ব্যতিক্রমী গ্রাহক পরিষেবা এবং সহায়তা প্রদানের জন্য আপনার প্রতিশ্রুতিতে গুরুত্ব আরোপ করুন। ন্যায্য ও স্বচ্ছ রিটার্ন এবং রিফান্ডপলিসি অফার করুন.



কেন উপভোক্তারা অন্য প্রতিযোগীদের তুলনায় আপনার প্রোডাক্টকেই বেছে নেবেন

4. নৈতিক এবং সুস্থায়ী অনুশীলন:

যদি আপনার প্রোডাক্টগুলি সুস্থায়ী বা পরিবেশ-বান্ধব উপকরণ থেকে তৈরি হয়, তবে এটিকে একটি সেলিং পয়েন্ট হিসাবে হাইলাইট করুন।
নৈতিক সোর্সিং এবং ন্যায্য শ্রম অনুশীলনের প্রতি আপনার প্রতিশ্রুতি ব্যাখ্যা করুন।



কেন উপভোক্তারা অন্য প্রতিযোগীদের তুলনায় আপনার প্রোডাক্টকেই বেছে নেবেন

5. প্রতিযোগিতামূলক মূল্য নির্ধারণ:

খরচ করলে তার মূল্য পাবেন। কীভাবে আপনার প্রোডাক্টটি এই মূল্যে চমৎকার ভ্যালু অফার করে, তা বুঝিয়ে বলুন।
গ্রাহকদের আকৃষ্ট করতে সীমিত সময়ের জন্য প্রমোশন বা ডিসকাউন্ট অফার করুন।



কীভাবে কার্যকর উপায়ে ইমেজ ক্যাপচার করবেন

- ছবি ক্লিক করতে এবং ভিডিও তুলতে একটি ভাল ক্যামেরাওয়ালা স্মার্টফোন ব্যবহার করুন। শুধুমাত্র আপনার নিজের পেজে হাই কোয়ালিটি ইমেজ পোস্ট করুন।
- গ্রাহকরা যাতে তাদের সুবিধাগুলি আরও ভালভাবে বুঝতে পারেন, সে জন্য আপনার প্রোডাক্টগুলি বাস্তব জীবনের পরিস্থিতিতে কীভাবে ব্যবহার করা যেতে পারে, তা দেখান।
- অনন্য ফিচার, টেক্সচার এবং কারুকার্যের ক্লোজ-আপ শটগুলি ক্যাপচার করে খুঁটিনাটিতে ফোকাস করুন।
- নিশ্চিত করুন যে আপনার প্রোডাক্টের ইমেজ যেন আপনার ব্র্যান্ডের অ্যাস্থেটিক্স ও স্টাইলের সাথে সামঞ্জস্যপূর্ণ হয়।
- আরও খাঁটি ও আকর্ষণীয় চেহারার জন্য যখনই সম্ভব প্রাকৃতিক আলো ব্যবহার করুন।

যোগাযোগের জন্য মৌলিক টেমপ্লেট

এখানে কিছু মৌলিক টেমপ্লেট দেওয়া হল, যেগুলি আপনি অনলাইন কমেন্টগুলিতে প্রতিক্রিয়া জানানোর সময় কীভাবে ভাবপ্রকাশ করবেন, সেক্ষেত্রে দিকনির্দেশ পেতে ব্যবহার করতে পারেন:

1. ইতিবাচক কমেন্ট: "মূল্যবান মতামত দেওয়ার জন্য আপনাকে ধন্যবাদ!
   [প্রোডাক্ট/পরিষেবা] নিয়ে আপনার অভিজ্ঞতাটি ইতিবাচক হয়েছে শুনে আমরা আনন্দিত। আপনার সন্তুষ্টি আমাদের সর্বোচ্চ অগ্রাধিকার।"

2. নেতিবাচক কমেন্ট: "আপনার একটি নেতিবাচক অভিজ্ঞতা হয়েছে জানতে পেরে আমরা দুঃখিত।
   আমরা আপনার প্রতিক্রিয়াকে গুরুত্ব দিই এবং আপনার উদ্বেগ সম্পর্কে আরো জানতে চাই।
   অনুগ্রহ করে 9999999999 নম্বরে আমাদের সাথে যোগাযোগ করুন যাতে আমরা সমস্যার সমাধান করতে পারি।"

3. নিরপেক্ষ ক: "মতামত দেওয়ার জন্য আপনাকে ধন্যবাদ।
   আপনার চিন্তাভাবনা শেয়ার করায় সময় দেওয়ার জন্য আমরা আপনার প্রশংসা করি। আমরা সবসময় আমাদের প্রোডাক্ট/পরিষেবা উন্নত করার জন্য কাজ করে যাচ্ছি এবং আপনার পরামর্শগুলো বিবেচনা করে দেখব।"



Instagram-এ নেতিবাচক কমেন্টগুলি পরিচালনা করার কৌশল

অবিলম্বে উত্তর দিন: নেতিবাচক কগুলি দ্রুত এবং পেশাদারভাবে মোকাবেলা করুন। সময়মত উত্তর দিলে, তা থেকে বোঝা যায় যে, আপনি আপনার গ্রাহকদের অভিজ্ঞতা সম্পর্কে যত্নশীল।

উদ্বেগ স্বীকার করুন: গ্রাহকের অনুভূতি স্বীকার করুন এবং প্রয়োজনে ক্ষমা চেয়ে নিন।

সমাধানের উপায় বাতলে দিন: যদি সম্ভব হয়, সমস্যার একটি সমাধান বাতলে করুন বা অতিরিক্ত তথ্য প্রদান করুন।

কথোপকথনকে অফলাইনে নিয়ে আসুন: যদি কথোপকথন ঝামেলামূলক বা ব্যক্তিগত হয়ে ওঠে, বিনয়ের সাথে আলোচনাটিকে একটি গোপনীয় মাধ্যমে নিয়ে আসার পরামর্শ দিন।

শিখুন এবং বিকশিত হন: বিকাশের উপযোগী ক্ষেত্রগুলি চিহ্নিত করার এবং প্রয়োজনীয় পরিবর্তন করার সুযোগ হিসাবে নেতিবাচক ফিডব্যাককে কাজে লাগান।



অনলাইন রেপুটেশন ম্যানেজমেন্টের জন্য অতিরিক্ত টিপস

আপনার অনলাইন উপস্থিতি নিরীক্ষণ করুন: নিয়মিতভাবে আপনার ব্র্যান্ডের অনলাইন মেনশনগুলি (ট্যাগিং)পর্যবেক্ষণ করুন

ইতিবাচক রিভিউ দিতে উৎসাহিত করুন: সন্তুষ্ট গ্রাহকদের আপনার ওয়েবসাইট এবং সোশ্যাল মিডিয়াতে ইতিবাচক রিভিউ দেওয়ার অনুরোধ করুন।

ইনফ্লুয়েন্সারদের সাথে সম্পর্ক তৈরি করুন: আপনার ব্র্যান্ডের প্রমোশন করতে এবং ইতিবাচক আলোচনা তৈরি করতে আপনার ইন্ডাস্ট্রির ইনফ্লুয়েন্সারদের সাথে কোলাবোরেট করুন।

অনলাইন রেপুটেশন ম্যানেজমেন্টের জন্য অতিরিক্ত টিপস

উচ্চ-মানের কনটেন্ট তৈরি করুন: আপনার অডিয়েন্সদের আকৃষ্ট করতে এবং সংশ্লিষ্টতা বজায় রাখতে মূল্যবান এবং আকর্ষক কনটেন্ট শেয়ার করুন।

আপনার কমিউনিটির সাথে জড়িত থাকুন: কমেন্ট ও ম্যাসেজগুলির উত্তর দিন এবং প্রাসঙ্গিক অনলাইন ডিসকাশন ও ছোটখাট এক্সহিবিশনে অংশগ্রহণ করুন।



ধন্যবাদ

